

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৭০৪

২৫/ আম্বিয়া

পরিচ্ছেদঃ আদম (আঃ) এর সৃষ্টিকথা

আরবী

عَنْ أَبِيْ مُوسَى عَنْ النَّبِيِّ عَلَيْ قَالَ: إِنَّ اللهَ عَنَّ وَجَلَّ خَلَقَ آدَمَ مِنْ قَبْضَةٍ قَبَضَهَا مِنْ جَمِيعِ الْأَرْضِ فَجَاءَ بَنُو آدَمَ عَلَى قَدْرِ الْأَرْضِ جَاءَ مِنْهُمْ الْأَبْيَضُ وَالْأَحْمَرُ وَالْأَسْوَدُ وَبَيْنَ ذَلِكَ وَالْخَبِيثُ وَالطَّيِّبُ وَالسَّهْلُ وَالْحَزْنُ وَبَيْنَ ذَلِكَ

বাংলা

(২৭০৪) আবৃ মূসা (রাঃ) কর্তৃক বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, নিশ্চয় আল্লাহ আদমকে সৃষ্টি করেছেন এক মৃষ্টি মাটি থেকে, যা তিনি সারা পৃথিবী থেকে গ্রহণ করেছেন। তাই আদম সন্তান মাটি অনুসারে বিকাশ লাভ করেছে। তাদের কেউ রক্তিমবর্ণ, কেউ গৌরবর্ণ, কেউ কৃষ্ণবর্ণ, আবার কেউ এ সবের মাঝামাঝি। কেউ সহজ-সরল, কেউ দুর্দম-কঠিন, কেউ নোংরা চরিত্রের, কেউ সুন্দর চরিত্রের এবং কেউ এ সবের মাঝামাঝি।

ফুটনোট

(আহমাদ ১৯৫৮২, আবূ দাউদ ৪৬৯৫, তিরমিয়ী ২৯৫৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আবৃ মূসা আল- আশ'আরী (রাঃ)

Strink — https://www.hadithbd.com/hadith/link/?id=66452

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন